দৈনিক বাংলা

৫

তারিখ 09 SEP 1996
পৃষ্ঠা ৮ কলাম ৭

# উচ্চশিক্ষার দ্বার উন্মুক্ত রাখতে হবে ঃ প্রেসিডেন্ট

প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস ছাত্রছাত্রীদের ক্রমবর্ধমান চাহিদা পূরণের জন্য দেশে আরও বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ওপর গুরুত্বারোপ করেছেন। তিনি বলেন, শিক্ষার্থীদের জন্য উচ্চ শিক্ষার দ্বার উন্মুক্ত রাখতে হবে।

প্রেসিডেন্ট বিশ্বাস রোববার বঙ্গভবনে চট্টগ্রামের ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সঙ্গে আলাপকালে একথা বলেন। বিশ্ববিদ্যালয়ের প্রকল্প পরিচালক ডঃ মোহাম্মদ লোকমান প্রতিনিধি দলের নেতৃত্ব দেন। খবর বাসস'র।

মানসম্পন্ন ও মূল্যবোধ ভিত্তিক শিক্ষার ওপর গুরুত্বারোপ করে প্রেসিডেন্ট বিশ্বাস বলেন, প্রতিযোগিতামূলক এ বিশ্বের সঙ্গে খাপখাইয়ে চলার জন্য আধুনিক জ্ঞান ও প্রযুক্তি একান্ত প্রয়োজনীয় হয়ে পড়েছে।

প্রতিনিধিদলের অন্যান্য সদস্যরা হলেন ডঃ শাব্বির আহমেদ, আলহাজ মোহাম্মদ বদিউল আলম, অধ্যাপক আবু বাকের রফিক এবং এনায়েতুল্লা পাটোয়ারী।

পরে মুক্তাগাছা প্রেসক্লাবের একটি প্রতিনিধিদলও প্রেসিডেন্টের সঙ্গে সাক্ষাৎ করেন। ক্লাবের সাধারণ সম্পাদক এফএমএ সালাম প্রতিনিধিদলের নেতৃত্ব দেন।